ঝিনাইদহে ঢাকা থেকে সাতক্ষীরা গামী ট্রাকে আটক ২৭জন

শুরু হয়েছে আজ ১৪ই এপ্রিল থেকে ২১এপ্রিল পযন্ত সারা বাংলাদেশ ব্যাপী কঠোর লকডাউন, কিন্তু করোনাভাইরাসের মধ্যে সামাজিক দুরুত্ব বজায় না রেখে এবং সরকার ঘোষিত ৭দিন লকডাউন না মেনে লকডাউনের প্রথম দিনেই ঢাকা থেকে সাতক্ষীরা গামী ট্রাকে অভিনব কায়দায় ২৭জন যাওয়ার সময় ঝিনাইদহের ফায়ারসার্ভিস অফিসের সামনে থেকে আটক করে ঝিনাইদহ জেলা প্রশাসন। সেই সাথে জরিমানা করা হয় ১৫ হাজার টাকা। যাদের আটক করা হয়েছে তাদের সবার বাড়ি সাতক্ষীরা শ্যামনগর উপজেলা। পেশায় সবাই দিন মজুর ইট ভাটায় কাজ করেন। তারা এখন সবাই অবস্থান করছেন ঝিনাইদহ উপজেলা ফায়ারসার্ভিসের পাশে, তারা জানায় ঝিনাইদহ জেলা প্রশাসক স্যারের নিকট আমাদের আবেদন আমাদের বাড়ি পাঠানোর ব্যবস্থা করার আমরা খুবই খারাপ অবস্থায় আছি। আমরা ভুল করে ফেলেছি এবারের মতো আমাদের একটু ব্যবস্থা করুক।

ঝিনাইদহের পাঁচ মাইলে সড়ক দুর্ঘটনা

ঝিনাইদহের ৯ নং পোড়াহাটি ইউনিয়নের পাঁচ মাইলে আনুমানিক ভোর ৬ টার দিকে কাঠের লগ বোঝায় ট্রাক নিয়ন্ত্রন হারিয়ে উল্টে পড়েছে

দুর্ঘটনা প্রবন এলাকায় ফায়ার সার্ভিস ও স্থানীয় লোকজন এসে ড্রাইভারঃমো:ইবাদত হোসেন এবং হেল্পারঃ মো আশরাফুল আলম কে উদ্ধার করে উদ্ধার কাজ শেষে তাদেরকে ঝিনাইদহ সদর হাসপাতালে পাঠানো হয় এখন তারা সদর হাপাতালে চিকিৎসা ধীন অবস্থায় আছে

সকাল ১০ টার দিকে গাড়িটির মালিকঃমো: শাহিনুল আলম দুর্ঘটনা স্থানে এসে তার ক্ষয় ক্ষতির কথা জানান আরও স্থানীয় লোকজনের সাথে ক্ষয় ক্ষতির ব্যাপারে আলোচনা করে এবং গাড়িটির উদ্ধার কাজ শুরু

করে

কালীগঞ্জের সরকারি মাহতাব উদ্দিন কলেজের ৮ শিক্ষার্থীর মেডিকেলে চান্স

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার সরকারি মাহতাব উদ্দিন কলেজ থেকে এবার ৮ জন শিক্ষার্থী মেডিকেল কলেজে পড়ার সুযোগ পেয়েছেন।
এ নিয়ে বেশ উচ্ছাসিত কলেজের শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীরা। সরকারি মাহতাব উদ্দিন কলেজ থেকে বিভিন্ন মেডিকেলে চান্স পাওয়া শিক্ষার্থীদের মধ্যে ৫ জন মেয়ে ও ৩ জন ছেলে রয়েছে।
এদের মধ্যে- কালীগঞ্জ উপজেলার জটারপাড়া গ্রামের আইতাল হোসেনের ছেলে আরাফাত রহমান সাগর ঢাকা মেডিকেল কলেজ, নলডাঙ্গা গ্রামের এ.বি.এম আসাদুজ্জামানের মেয়ে তামান্না খাতুন সিরাজগঞ্জ মেডিকেল কলেজ, রঘুনাথপুর গ্রামের খায়রুল ইসলামের ছেলে মারুফ হোসেন রুবেল ও আড়পাড়া গ্রামের আব্দুল মোমিনের মেয়ে শামছুন্নাহার শেফা শের ই বাংলা মেডিকেল কলেজ, ফয়লা গ্রামের ফুরকান আলীর মেয়ে মোনালিসা তন্নি কিশোরগঞ্জ মেডিকেল কলেজ, বলিদাপাড়া এলাকার মোঃ আবুল হোসেনের মেয়ে সামান্তা হোসেন রাজশাহী মেডিকেল কলেজ, কলেজপাড়া এলাকার প্রভাষ চন্দ্র সাহার মেয়ে সুষ্মিতা সাহা জ্যোতি ফরিদপুর মেডিকেল কলেজ ও নিশ্চিন্তপুর এলাকার তপন বিশ্বাসের ছেলে দেবব্রত বিশ্বাস যশোর মেডিকেল কলেজে ভর্তির সুযোগ পেয়েছে। এরা সবাই ২০১৮-১৯ শিক্ষাবর্ষের সরকারি মাহতাব উদ্দিন কলেজের শিক্ষার্থী। ঢাকা মেডিকেল কলেজে ভর্তির সুযোগ পাওয়া সরকারি মাহতাব উদ্দিন কলেজের শিক্ষার্থী আরাফাত রহমান সাগর বলেন, খুবই আনন্দ লাগছে। ছোটকালের অনেক ইচ্ছা আর স্বপ্ন যেনো আজ বাস্তবে ধরা দিয়েছে। মেডিকেলে সুযোগ পাওয়ার পেছনে কলেজ শিক্ষক ও টিউটর শিক্ষকের অবদান সবথেকে বেশি।
বরিশাল মেডিকেল কলেজে সুযোগ পাওয়া শামছুন্নাহার শেফা জানান, ছোটবেলা থেকেই একজন দক্ষ ডাক্তার হওয়ার ইচ্ছা ছিল। সমাজের অসহায় মানুষের পাশে থাকার আপ্রাণ চেষ্টা করবো।

সরকারি মাহতাব উদ্দিন কলেজের প্রভাষক রফিকুল ইসলাম বলেন, মেডিকেলে ৮ জনের সুযোগ পাওয়ার খবরে আমরা আশান্বিত। সামনের বছরে এই সংখ্যা বৃদ্ধিতে আমাদের প্রচেষ্টা অব্যাহত থাকবে।
কলেজ ভারপ্রাপ্ত অধ্যক্ষ আশরাফ উদ্দিন বলেন, এক সঙ্গে ৮ জন শিক্ষার্থীর মেডিকেলে ভর্তির সুযোগ নিঃসন্দেহে গৌরব ও আনন্দের বিষয়। তিনি বলেন, আমরা বিজ্ঞানের ছাত্রদের মেধা বিকাশে যত্নবান। তিনি বলেন, শুধু মেডিকেল নয় দেশের যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে সরকারি মাহতাব উদ্দিন কলেজ থেকে অনেক ছাত্র-ছাত্রী ভর্তির সুযোগ পাচ্ছে। শিক্ষার্থীদের এই সাফল্যে কলেজটির সকল শিক্ষক-কর্মচারীরা গর্বিত।

কালীগঞ্জে ২৫ বিঘা পানবরজ পুড়ে ছাই

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার দুলাল মুন্দিয়া গ্রামের মাঠে আগুনে ১৬ কৃষকের প্রায় ২৫ বিঘা জমির পানবরজ পুড়ে ছাই হয়ে গেছে।

মঙ্গলবার দুপুর ১২ টার দিকে এ দুর্ঘটনা ঘটে। ক্ষতিগ্রস্থ কৃষকেরা হলেন- খোর্দ্দ রায়গ্রাম এলাকার রতন সেন, পীযুষ সেন, সুধীর সেন, রবীন সেন, অনুপ সেন, আনন্দ সেন, কৃষ্ণ সেন, বাবলু সেন, রতন দত্ত, তাপস সেন, চঞ্চল সেন, বেজহরী ভাস্কর, রামপদ সেন, অসোক দে, হারান সেন ও অমল সেন।

প্রত্যক্ষদর্শীরা জানায়, মঙ্গলবার দুপুর ১২ টার দিকে দুলাল মুন্দিয়া গ্রামের মাঠে হঠাৎ পানের বরজে আগুন দেখতে পেয়ে মানুষজন চিৎকার শুরু করে।

এ সময় খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌছে স্থানীয়দের সহযোগিতায় আগুন নিয়ন্ত্রণে আনার কাজ শুরু করে। প্রায় দেড়ঘন্টা চেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়। ততক্ষণে ১৬ কৃষকের প্রায় ২৫ বিঘা জমির পানবরজ পুড়ে ছাই হয়ে যায়।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান,

স্থানীয়দের মাধ্যমে পানের বরজে আগুন লাগার খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা করা হয়। এ সময় প্রায় ২৫ বিঘা জমির পানবরজ পুড়ে ছাই হয়ে গেছে। তবে কি কারণে আগুনের সুত্রপাত তা তিনি বলতে পারেননি।

গাঁজাসহ চতুর্থদফায় র্যাবের হাতে আটক মাদক সম্রাট মিন্টু

ঝিনাইদহ পশ্চিমাঞ্চলের কুখ্যাত মাদক সম্রাট মিন্টু সাড়ে তিন কেজি গাঁজাসহ ঝিনাইদহ র্যাবের হাতে আটক হয়েছে। মঙ্গলবার দুপুরে চুয়াডাঙ্গা সদর উপজেলার জীবনা গ্রামের তিন রাস্তার মোড় থেকে তাকে আটক করে র্যাব। এই নিয়ে সে মাদকসহ চারবার গ্রেফতার হলো। মিন্টু চুয়াডাঙ্গা সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের জীবনা গ্রামের সানোয়ার ওরফে মনার ছেলে। ঝিনাইদহ র্যাবের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ খবর জানানো হয়। র্যাব জানায় মিন্টু সাড়ে তিন কেজি গাজা নিয়ে দশমাইল থেকে খাড়াগোদা ভায়া জীবনা সড়কে অপেক্ষা করছিল। গোপন সুত্রে খবর পেয়ে র্যাব মঙ্গলবার বেলা ১টার দিকে স্পট থেকেই মিন্টুকে আটক করে। তথ্য নিয়ে জানা গেছে, ২০২০ সালের ১৬ নভেম্বর ঝিনাইদহ সদর উপজেলার হলিধানী ইউনিয়নের ভেটরিনারি কলেজের সামনে থেকে গোয়েন্দা পুলিশের একটি দল মিন্টুকে ৫০ বোতল ফেনসিডিলসহ আটক করেছিল। জামিনে বের হয়ে সে আবার বেপরোয়া হয়ে ওঠে। ইতিপুর্বে মিন্টু দশমাইল গরুহাটের একটি দোকান থেকে গাজাসহ র্যাব-৬ এর হাতে আরেকবার আটক হয়। কিন্তু আইনের ফাঁকফোকর দিয়ে জামিনে মুক্তি পেয়ে আবারো সে মাদক ব্যবসা শুরু করে। এলাকাবাসির অভিযোগ, সন্ত্রাসী ও মাদক ব্যবসায়ী মিন্টু দীর্ঘদিন ধরে মাদক ব্যবসা চালিয়ে আসছে। কিন্তু গ্রেফতারের পর বেশিদিন মিন্টুকে জেলে থাকতে হয় না। রহস্যজনক ভাবে দ্রুত সে বেরিয়ে আসে। গ্রামবাসি জানায় জীবনা গ্রামের বিলের ধরে রয়েছে তার বাগানবাড়ি। সেখানে নিয়মিত মাদকের আড্ডা বসে। জীবনা বিলের ধারে রয়েছে তার অসামাজিক কার্যকলাপের ডেরা। বাইরে থেকে নারী নিয়ে সেখানে ফুর্তি করা হয়। চুয়াডাঙ্গার জীবনা, দশমাইল, সদরের বংকিরা, গোবিন্দপুর, হাজরা ও চোরকোল গ্রামে মাদক বিক্রি করে যুবসমাজকে ধ্বংসের দ্বার প্রান্তে নিয়ে

গেছে এই মিন্টু। বারবার গ্রেফতারের পর অল্প সময়ে বেরিয়ে আসায় ক্ষুদ্ধ তার গ্রামের মানুষ।

ঝিনাইদহে ১০ টাকা কেজি দরের চাউল বিতরন

৯ নং পোড়াহাটি ইউনিয়নের মধুপুরে ১০ টাকা কেজির চাউল বিতরন করছে ডিলার: মো: বসির উদ্দিন তিনি এই লকডাউনে সামাজিক দুরত্ব বজায় রেখে মাস্ক পরিধান করে চাউল বিতরন করছে যারা চাউল নিচ্ছে তারা যানাই এই করোনা ভাইরাস এর মধ্যে আমরা সুস্থ ও সঠিক ভাবে চাউল পেয়েছি এবং ডিলারঃমো:বসির উদ্দিন সঠিক ভাবে চাউল পরিবেশন করছে কি না তা পরিদর্শনে আসে জেলা খাদ্য অফিসার ও ৯ নং পোড়াহাটি ইউনিয়ন পরিষদের নায়েব তারা পরিদর্শন শেষে জানায় সঠিক ভাবে চাউল বিতরন হচ্ছে

ঝিনাইদহ মাহে রমজান উপলক্ষে ইমাম, খতিব ও মুয়াজ্জিনগণের সাথে মতবিনিময় সভা

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের বিপ্লবী সাধারণ সম্পাদক, ঝিনাইদহ পৌরসভার সুযোগ্য পৌর মেয়র জননেতা জনাব আলহাজ্ব সাইদুল করিম মিন্টু’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা শহীদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতালের পরিচালক জনাব ডাঃ মোঃ মুন্সী রেজা সেকেন্দার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব এস এম শাহীন, ঝিনাইদহ ইসলামি ফাউন্ডেশনের উপ-পরিচালক জনাব মোঃ আব্দুল হামিদ খান।

ঝিনাইদহে আশা এনজিও’র ফিল্ড অফিসারকে মারধর

ঝিনাইদহ সদর উপোজল ৯ নং পোড়াহাটি ইউনিয়নের আশা এনজিওর ফিল্ড অফিসার পল্লব রায়কে মারধর করার অভিযোগ উঠেছে।
আজ মঙ্গলবার সকাল সাড়ে ৭টার দিকে পল্লব রায় টাকা আদায় করতে যায় বালিয়াডাঙ্গা গ্রামের পরশ উল্লাহ (পঁচা) এর বাড়িতে। সেখানে কিস্তির টাকা নিয়ে গোলযোগ হয় তার ছেলে চান আলীর সাথে। কথা কাটাকটির মধ্যে চান আলী পল্লব রায়ের মাথায় বাঁশ দিয়ে আঘাত করে ।এর ফলে তার মাথা ফেটে য়ায়। তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হলে তার ক্ষতস্থানে ১২ টি সেলাই হয়। বর্তমানে তিনি ঝিনাইদহ সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

ঝিনাইদহে আরো এক নারি করোনায় মৃত্যু

ঝিনাইদহে করোনায় আক্রান্ত হয়ে লিলি খাতুন (৪৩) আরো নামে এক নারির মৃত্যু হয়েছে। এনিয়ে ইসলামিক ফাউন্ডেশনের দাফন কমিটি কারোনা উপসর্গ ও করোনা আক্রান্ত ৭১ জনের লাশ দাফন করলো। লিলি খাতুন অসুস্থ হয়ে গত ৩০-০৩০২০২১ ইং তারিখ ঝিনাইদহ সদর হাসপাতালের করোনা ওয়ার্ডে ভর্তি হয়। ০১ এপ্রিল তার করোনা ফলাফল পজিটিভ আসে। ১২ এপ্রিল সকাল ৭টা ৫০ মিনিটের দিকে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। লিলি খাতুন ঝিনাইদহ পৌরসভা এলাকার পবহাটি গ্রামের রবিউল ইসলামের স্ত্রী।
এদিকে লিলি খাতুন করোনায় মৃত্যুর পর ঝিনাইদহ জেলা প্রশাসক মো: মজিবর রহমানের নির্দ্দেশে ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক আব্দুল হামিদ খানের সার্বিক তত্বাবধানে তার দাফন কাফন করার ব্যবস্থা করা হয়। এ ব্যাপারে সার্বিক সহযোগিতা করেন ঝিনাইদহ সদর উপজলো দাফন কমিটির সদস্য ও মসজিদ ভিত্তিকি শিশু ও গণশিক্ষা কেন্দ্রের শিক্ষক

মাওঃ তাওহিদুল ইসলাম।

ঝিনাইদহে বিশ্ব হোমিওপ্যাথি দিবস উদযাপন

বাংলাদেশ ডিএইচএমএস ডক্টর এসোসিয়েশন ও ঝিনাইদহ জেলা হোমিওপ্যাথিক এসোসিয়েশন এর আয়োজনে বিশ্ব হোমিওপ্যাথি দিবস ও হোমিওপ্যাথির জনক ডা স্যামুয়েল হ্যানিম্যানের ২৬৬ তম জন্মদিন উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

সোমবার সকাল ১০ টার দিকে ঝিনাইদহ স্টেডিয়াম পাড়া সংলগ্ন ঝিনাইদহ জেলা হোমিওপ্যাথিক এসোসিয়েশন এর কার্যালেয়েএ অনুষ্ঠানের আয়োজন করা হয়।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা হোমিওপ্যাথিক এসোসিয়েশনের সভাপতি ডা আসাদুজ্জামান, সাধারণ সম্পাদক ডা বসির আহমদ, ডা খান রফিকুল ইসলাম, ডা নাজের আলী, ডা সেলিনা আক্তার বিউটি ডা. নাজমুল ইসলাম সহ এসোসিয়েশন এর ডাক্তারবৃন্দ। অনুষ্ঠানের আলোচনা সভা পরবর্তীতে দোয়া পরিচালনার মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।